# ২০২৪ সালে প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি প্রসঙ্গে



স্কুল জীবন শুরু করার সময়টি প্রতিটি শিশু, পিতামাতা এবং পরিচর্যাকারীদের জন্য একটি রোমাঞ্চকর সময়। ভর্তি প্রক্রিয়াকে যতটা সম্ভব সহজ করার মাধ্যমে আমরা আপনাকে সাহায্য করতে চাই।

ভিক্টোরিয়াতে, *শিক্ষা ও প্রশিক্ষণ সংস্কার আইন ২০০৬* এর অধীনে, আপনার সন্তানের তাদের মনোনীত স্থানীয় স্কুলে (আপনার 'স্থানীয় স্কুলে') পড়ার অধিকার রয়েছে।

আপনি এমন একটি স্কুলেও ভর্তির জন্য আবেদন করতে পারেন যা আপনার স্থানীয় স্কুল নয়। স্কুল আপনার আবেদনটিকে প্লেসমেন্ট নীতিমালার আলোকে বিবেচনা করবে প্লেসমেন্ট নীতিমালা সম্পর্কে আরও তথ্যের জন্য, স্কুলে ভর্তি (এনরোলিং ইন স্কুল)পৃষ্ঠাতে যান।

## ফাউন্ডেশন (প্রেপ) এর জন্য রাজ্যব্যাপী নতুন সময় নির্দেশিকা।

প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বর্ষকে বলা হয় ফাউন্ডেশন বা প্রেপ। ভিক্টোরিয়ান সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জন্য অনুসরনীয় (পৃষ্ঠা ৩ দেখুন) ফাউন্ডেশন ভর্তি সংক্রান্ত একটি নতুন সময়ের নির্দেশিকা আমরা প্রকাশ করেছি। এই সময় নির্দেশিকার লক্ষ্য হলো, ২০২৪ স্কুল বছরে কখন এবং কীভাবে আপনার সন্তানকে ফাউন্ডেশনে ভর্তি করাবেন তা বুঝতে সহায়ক করে তোলা।

## কখন আমার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরে ভর্তি করানো উচিত?

যে বছর তারা স্কুল শুরু করবে সেই বছরের ৩০ এপ্রিলের মধ্যে আপনার সন্তানের বয়স ৫ বছর হতে হবে।

যেসব শিশুদের বয়স ৬ হয়ে গেছে তাদের জন্য স্কুলে অধ্যয়ন শুরু করা বাধ্যতামূলক।

২০২৪ স্কুল বছরে, আপনার সন্তানকে ভিক্টোরিয়ান সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করতে, ২৮ জুলাই ২০২৩ এর মধ্যে, স্কুলে ভর্তির একটি আবেদনপত্র জমা দিন।

## আমি কীভাবে আমার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরে ভর্তি করাবো?

আপনার সন্তানকে প্রাথমিক বিদ্যালয়ের প্রথম বছরে ভর্তি করতে নিম্নোক্ত পদক্ষেপগুলি নিন:

1. ফাইন্ড মাই স্কুল ওয়েবসাইটে (নীচে দেখুন) আপনার স্থানীয় স্কুলের সন্ধান করুন।
2. একটি স্কুল ট্যুর বুক করতে বা স্কুল এবং ভর্তির আবেদন প্রক্রিয়া সম্পর্কে আরও জানতে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সাথে যোগাযোগ করুন।
3. এনরোলিং ইন ফাউন্ডেশন (প্রেপ) থেকে ফাউন্ডেশন (প্রেপ) ভর্তির তথ্য প্যাক ডাউনলোড করুন (২৪ এপ্রিল ২০২৩ থেকে পাওয়া যাবে)।
4. **শুক্রবার ২৮ জুলাই ২০২৩** তারিখের মধ্যে ফাউন্ডেশনে ভর্তির জন্য একটি আবেদনপত্র জমা দিন।

5. **শুক্রবার ১১ আগস্ট ২০২৩**তারিখের মধ্যে আপনাকে আপনার আবেদনের ফলাফল সম্পর্কে অবহিত করা হবে। আপনি যদি প্লেস্মেন্ট (ভর্তির প্রস্তাব) পান, তাহলে আপনাকে **শুক্রবার ২৫ আগস্ট ২০২৩** এর মধ্যে প্রস্তাবটি গ্রহণ করতে হবে।

6. **২০২৩ সালের চতুর্থ টার্মে** ভর্তির তথ্য এবং ট্রানজিশন সেশনে অংশ নিন।
7. আপনার সন্তান **৩০ জানুয়ারী ২০২৪, মঙ্গলবার থেকে** ফাউন্ডেশন শুরু করবে।

## আমি কিভাবে আমার স্থানীয় স্কুলের সন্ধান পাবো?

নীচের ধাপগুলি অনুসরণ করার মাধ্যমে ফাইন্ড মাই স্কুল ওয়েবসাইটে আপনার স্থানীয় স্কুলের সন্ধান করুন:

1. আপনার ব্রাউজারে findmyschool.vic.gov.au লিখুন।
2. 'শুরু করতে আপনার ঠিকানা লিখুন' এর অধীনে আপনার স্থায়ী আবাসিক ঠিকানাটি লিখুন।
3. 'এনরোলমেন্ট ইয়ার'-এর অধীনে ২০২৪ নির্বাচন করুন। **দ্রষ্টব্য:** ২০২৩ সালের প্রথম টার্মের শেষ নাগাদ, ২০২৪ এর স্কুল জোন সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।
4. 'স্কুল টাইপ'-এর অধীনে প্রাথমিক/প্রাইমারী নির্বাচন করুন।

তখন মানচিত্রটি আপনার ঠিকানা, আপনার স্থানীয় স্কুল এবং বামদিকে স্কুলটিতে যোগাযোগ সংক্রান্ত তথ্য দেখাবে। আপনি নিচের দিকে স্ক্রল করলে, আপনার ঠিকানার সবচেয়ে কাছের পাঁচটি স্কুলও দেখাবে।

এছাড়াও আপনি 'সার্চ ফর স্কুল'-এর অধীনে স্কুলের নাম দিয়ে অনুসন্ধান করতে পারেন।

## আমার সন্তান কি এমন কোনও সরকারি প্রাথমিক বিদ্যালয়ে আবেদন করতে পারবে যেটি আমাদের স্থানীয় বিদ্যালয় নয়?

হ্যাঁ, আপনি আপনার স্থানীয় স্কুল ছাড়া অন্য স্কুলেও আবেদন করতে পারেন। স্কুলটি, আপনার আবেদনপত্রকে প্লেসমেন্ট নীতিমালা এবং ভর্তির আসন সংখ্যার আলোকে বিবেচনা করে দেখবে। আপনি স্কুলে ভর্তি, পৃষ্ঠায় আবেদনপত্রগুলিকে কীভাবে অগ্রাধিকার দেওয়া হয় সে সম্পর্কে তথ্য পেতে পারেন।

## আমার ভর্তির আবেদন ব্যর্থ হয়েছে এই মর্মে আমি যদি একটি চিঠি পাই, তখন কি করনীয়?

আপনার সন্তানকে অন্য স্কুলে ভর্তির জন্য আপনার আবেদন করা উচিত। আপনার সন্তানের স্থানীয় স্কুলে তার জন্য একটি স্থান নিশ্চিত করা আছে। আপনার সন্তান কোন স্থানীয় স্কুলে যাবে সেটা, আবাসিক ঠিকানার ভিত্তিতে নির্ধারিত হয়ে থাকে। আপনার সন্তানের স্থানীয় স্কুল সনাক্ত করতে ফাইন্ড মাই স্কুল ভিসিট করুন। এনরোলিং ইন স্কুল পৃষ্ঠাটি আপনাকে ভর্তির জন্য আপনার সন্তানের ঠিকানা নিশ্চিত করতে সাহায্য করতে পারে।

আপনি সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতেও পারবেন। এনরোলিং ইন ফাউন্ডেশন (প্রেপ) পৃষ্ঠায় একটি ভর্তির আবেদনের সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করার প্রক্রিয়া সম্পর্কিত তথ্য রয়েছে।

## যদি আমি ভর্তির সময়সীমা মিস করি, তখন কি হবে?

আপনি ২০২৩ সালের দ্বিতীয় টার্মের যেকোনো সময়ে, ২০২৪ স্কুল বছরের জন্য আপনার সন্তানকে ফাউন্ডেশনে ভর্তি করার জন্য আবেদন করতে পারেন।

আপনাকে ২৮ জুলাই ২০২৩ শুক্রবারের মধ্যে একটি ভর্তির আবেদন জমা দিতে বলা হলেও, এই তারিখের পরের আবেদনগুলি এখনও সেই সমস্ত পরিবারগুলির কাছ থেকে গ্রহণ করা হবে যারা তালিকাভুক্তির সময়সীমা মিস করে, স্থায়ী বাসস্থান স্থানান্তর করে বা ভিক্টোরিয়ায়তে নতুন আসে।

ডিপার্টমেন্টের প্লেসমেন্ট নীতিমালা অনুসারে, ২৮ জুলাই ২০২৩ তারিখের পরবর্তী ভর্তির আবেদনপত্রগুলি স্কুলের দ্বারা প্রাপ্ত হওয়ার সাথে সাথে প্রক্রিয়া করা হবে।

## আমি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির বিষয়ে আরও তথ্য কোথায় পেতে পারি?

ফাউন্ডেশনে ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য আপনি আপনার স্থানীয় প্রাথমিক বিদ্যালয়কে জিজ্ঞাসা করতে পারেন।

২০২৩ এর দ্বিতীয় টার্ম এর শুরুতে আপনি স্টার্টিং স্কুল ওয়েবপেজের ফাউন্ডেশনে ভর্তি (প্রেপ) পৃষ্ঠায় ফাউন্ডেশন ভর্তির প্রক্রিয়ার একটি তথ্য প্যাক খুঁজে পেতে পারেন।

তথ্যের প্যাকটি অনুবাদ করতে আপনার সাহায্যের প্রয়োজন হলে, অনুগ্রহ করে আপনার স্থানীয় প্রাথমিক বিদ্যালয়ের সাথে কথা বলুন।

## সাহায্যের জন্য আমি কার সাথে যোগাযোগ করবো?

আপনি যে প্রাথমিক বিদ্যালয়ে আবেদন করতে চান সেই বিদ্যালয়ের ট্রানজিশন কো-অর্ডিনেটর, এনরোলমেন্ট অফিসার বা প্রিন্সিপাল আপনাকে ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আপনার যেকোন প্রশ্নে সাহায্য করতে পারেন।

## প্রয়োজনীয় লিঙ্কসমূহ

অনুগ্রহ করে নীচে কিছু দরকারী লিঙ্ক দেয়া আছে যা আপনার জন্য সহায়ক হতে পারে যখন আপনার সন্তান ২০২৪ সালে তার প্রাথমিক বিদ্যালয় শুরু করবে:

ফাইন্ড মাই স্কুল –findmyschool.vic.gov.au

স্কুল জোন সম্পর্কে তথ্য – vic.gov.au/school-zones

ফাউন্ডেশনে ভর্তি করা (প্রেপ) – vic.gov.au/enrolling-foundation-prep

স্কুলে ভর্তি করা – vic.gov.au/how-choose-school-and-enrol

অক্ষমতা/ডিস্এবিলিটি এবং সার্বজনীন শিক্ষা – vic.gov.au/disability-and-inclusive-education

আঞ্চলিক অফিসের সাথে যোগাযোগ – vic.gov.au/office-locations-department-education-and-training

# ২০২৩-২৪ এর সময় নির্দেশিকা

| ২০২৩ এর তারিখগুলি | কার্যকলাপ |
|---|---|
| **টার্ম ২: সোমবার ২৪ এপ্রিল ২০২৩ - শুক্রবার ২৩ জুন ২০২৩** | |
| **টার্ম ১ এবং ২, ২০২৩** | প্রাথমিক বিদ্যালয়গুলো, ২০২৪ সালে ফাউন্ডেশনে (প্রেপ) ভর্তি করাতে ইচ্ছুক পরিবারগুলোর জন্য ট্যুর, তথ্য সেশন এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা করে। |
| **টার্ম ২, ২০২৩ এর শুরুতে** | ২০২৪ স্কুল বছরের জন্য স্কুল জোন সংক্রান্ত তথ্য findmyschool.vic.gov.au তে সরাসরি পাওয়া যাবে।<br>অভিভাবক/পরিচর্যাকারীদের, ২০২৪ সালের জন্য তাদের মনোনীত আশেপাশের স্কুলটি সনাক্ত করতে findmyschool.vic.gov.au-এ যাওয়া উচিত।<br>পিতামাতা/পরিচর্যাকারীরা ভর্তির তথ্য প্যাকটি এনরোলিং ইন ফাউন্ডেশন (প্রেপ) থেকে ডাউনলোড করতে পারবেন। |
| **সপ্তাহ ১, টার্ম ২, ২০২৩ থেকে** | প্রাথমিক বিদ্যালয়গুলি সম্ভাব্য পরিবারগুলো এবং তাদের বিদ্যালয়ের জনগোষ্ঠির মাঝে ভর্তির তথ্য প্যাকগুলি বিতরণ করতে পারে। |
| **সপ্তাহ ১, টার্ম ২, ২০২৩ থেকে** | **ভর্তির আবেদনের জন্য উন্মুক্ত** - অভিভাবক/পরিচর্যাকারীগণ এই তারিখ থেকে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তাদের সম্পূর্ণ ভর্তির আবেদনপত্র জমা দিতে পারেন। |
| **টার্ম ৩: সোমবার ১০ জুলাই ২০২৩ – শুক্রবার ১৫ সেপ্টেম্বর ২০২৩** | |
| **শুক্রবার ২৮ জুলাই ২০২৩ এর মধ্যে** | **ভর্তির বাকি আবেদনপত্রগুলি** – অভিভাবক/পরিচর্যাকারীগণ এই তারিখের মধ্যে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তাদের সম্পূর্ণভাবে পুরণকৃত আবেদনপত্র জমা দেবেন। |
| **শুক্রবার ১১ আগস্ট ২০২৩ এর মধ্যে** | প্রাথমিক বিদ্যালয়গুলি ডিপার্টমেন্টে প্লেসমেন্ট নীতিমালার অধীনে 'প্লেসমেন্টের অগ্রাধিকার ক্রম (প্রাইওরিটি অর্ডার অফ প্লেসমেন্ট)' অনুসারে ফাউন্ডেশন (প্রেপ) ভর্তির ফলাফল লিখিতভাবে পিতামাতা/পরিচর্যাকারীগণকে অবহিত করে। এর মধ্যে থাকতে পারে, ভর্তি নিশ্চিতকরনের চিঠি, প্রস্তাবের চিঠি বা একটি অকৃতকার্য আবেদনপত্রের ফলাফল সংক্রান্ত চিঠি।<br>অভিভাবক/পরিচর্যাকারীগণ, যাদেরকে অকৃতকার্য আবেদনপত্রের ফলাফল সংক্রান্ত চিঠি পাঠানো হয়েছে তারা তাদের পছন্দের প্রাথমিক বিদ্যালয়ে লিখিত নন-প্লেসমেন্ট আবেদন জমা দেওয়া শুরু করতে পারেন। |
| **২৫ আগস্ট ২০২৩ শুক্রবারের মধ্যে** | যেসব পিতামাতা/পরিচর্যাকারীগণকে একটি প্রস্তাবের চিঠি পাঠানো হয়েছে তাদেরকে এই তারিখের মধ্যে এই প্রস্তাবিত আসনটি নিশ্চিত করতে হবে। |
| **২৫ আগস্ট ২০২৩ শুক্রবারের মধ্যে** | অভিভাবক/পরিচর্যাকারীগণ তাদের পছন্দের প্রাথমিক বিদ্যালয়ের সাথে একটি লিখিত নন-প্লেসমেন্ট আবেদন জমা দেওয়ার **শেষ তারিখ।** |

| | |
|---|---|
| **শুক্রবার ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখের মধ্যে** | প্রাথমিক বিদ্যালয়গুলি এই তারিখের মধ্যে সকল পিতামাতা/পরিচর্যাকারীগণকে, লিখিতভাবে, তাদের নন-প্লেস্মেন্ট এর আপিলের ফলাফল জানিয়ে দিবে। |
| **টার্ম 8: সোমবার ২ অক্টোবর ২০২৩ – বুধবার ২০ ডিসেম্বর ২০২৩** | |
| **টার্ম 8, ২০২৩ চলাকালীন** | প্রাথমিক বিদ্যালয়গুলি ট্রানজিশন সেশনের আয়োজন করে। |
| **শুক্রবার ২০ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে** | অভিভাবক/পরিচর্যাকারীগণ সংশ্লিষ্ট রেজিওনাল ডিরেক্টর এর কাছে একটি লিখিত নন-প্লেসমেন্ট আপিল জমা দেওয়ার **শেষ তারিখ, যেখানে তাদের পছন্দের প্রাথমিক বিদ্যালয়ে তাদের আপিল ব্যর্থ হয়েছে।** |
| **শুক্রবার ১৭ নভেম্বর ২০২৩ তারিখের মধ্যে** | অঞ্চলগুলি (রেজিওন) এই তারিখের মধ্যে রেজিওনাল ডিরেক্টরের নির্দেশনায় নন-প্লেসমেন্ট আপিলের ফলাফল লিখিতভাবে সমস্ত পিতামাতা/পরিচর্যাকারীগণকে অবহিত করে দিবে। এটি শুধুমাত্র ২০ অক্টোবর ২০২৩ শুক্রবারের শেষ তারিখের মধ্যে প্রাপ্ত আপিলের ক্ষেত্রে প্রযোজ্য। |